



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
জনতথ্য বিভাগ




উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.১১৩.১০৩.০০.০০.০৩৯.২০১৫/২৯৪

তারিখ : ০১/০৩/২০২২

প্রেস বিজ্ঞপ্তি

এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের নির্বাহী পরিচালক প্রতিনিধিদলসহ ঢাকা ওয়াসা'র সায়েদাবাদ পানি শোধনাগার পরিদর্শন করলেন




মঙ্গলবার, ০১ মার্চ, ২০২২ সকাল ০৯:৩০ ঘটিকায় এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) এর নির্বাহী পরিচালক জনাব সামির কুমার খের (Mr. Sameer Kumar Khare) এর নেতৃত্বে ০৬ (ছয়) সদস্যের একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল (Mr. Azizul Alam, Alternate Executive Director; Mr. Adimon Ginting, Country Director, Bangladesh Resident Mission; Mr. Soon Chan Mong, Sr. External Relation Officer; Mr. Gobinda Bar, Sr. External Relation Officer and Mr Pushkar Srivastava, Project Management Specialist) ঢাকা ওয়াসা'র সায়েদাবাদ পানি শোধনাগার পরিদর্শন করেন। ঢাকা ওয়াসা'র ম্যানেজিং ডাইরেক্টর ও সিইও প্রকৌশলী তাকসিম এ খান প্রতিনিধিদলকে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে ঢাকা ওয়াসা'র সার্বিক কর্মকান্ড সম্পর্কে অবহিত করেন। এ সময় ঢাকা ওয়াসা'র চলমান প্রকল্প, বিশেষতঃ (এডিবি) এর অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পের অগ্রগতি বিষয়ে প্রতিনিধিদলকে অবহিত করা হয়।

(Handwritten signature)

জনাব খের প্রায় ২০ বছর পূর্বে স্থাপিত অত্যাধুনিক সায়েদাবাদ পানি শোধনাগার, ফেজ-১ এবং ১০ বছর পূর্বে স্থাপিত ফেজ-২ এর কারিগরি উৎকর্ষতা দেখে অভিভূত হন এবং এটি বাংলাদেশের জন্য গর্বের বিষয় উল্লেখ করে পরিদর্শন বইতে স্বাক্ষর করেন।

প্রতিনিধিদলটি ঢাকা ওয়াসা'র টার্ন এরাউন্ড কর্মসূচীর আওতায় অর্জিত সাফল্যে ভূয়সী প্রশংসা করেন। অর্জিত সাফল্য ব্যাপক প্রচার ও দেশী/বিদেশী ওয়াটার ইউটিলিটিগুলিতে প্রয়োগ করার উপর গুরুত্ব আরোপ করেন।

আগামিতে ঢাকা ওয়াসা'র পানি সরবরাহ প্রকল্পের পাশাপাশি ঢাকা শহরের পয়োঃ নিষ্কাশন প্রকল্পগুলোতে-বিশেষ করে প্রস্তাবিত পরিবেশবান্ধব রায়েরবাজার আন্ডারগ্রাউন্ড সুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট বিনির্মাণে অর্থায়নের বিষয়ে এডিবি আগ্রহ ব্যক্ত করে। প্রতিনিধিদলের সাথে ঢাকা ওয়াসা'র উর্ধতন কর্মকর্তাবৃন্দসহ গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।


০৩/৩/২০২২

এ. এম. মোস্তফা তারেক
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।